

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



www.rajshahieducationboard.gov.bd


বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-০৬/কল/বিজ্ঞপ্তি/০১/১১৩৬

তারিখ-০১/০৭/২০১৯

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে অন্যত্র ভর্তির অনুমতি প্রদান প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে, অত্র বোর্ডের আওতাধীন কলেজ সমূহে আগামী ০১/০৭/২০১৯ খ্রী: তারিখ হতে ২৯/০৮/২০১৯ খ্রী: তারিখ পর্যন্ত ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের ছাড়পত্রের মাধ্যমে অন্যত্র ভর্তি করা হবে। ছাড়পত্রের আবেদনফর্ম ও শর্তাবলী বোর্ডের সংশ্লিষ্ট ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য, ছাড়পত্রের মাধ্যমে ভর্তিচ্ছু আবেদনকারীদের অনুমতিপত্র অনলাইনে প্রকাশ করা হবে। আবেদনকৃত শিক্ষার্থীরা অনলাইন থেকে তাদের অনুমতিপত্র সংগ্রহ করতে পারবে।


মো: হাবিবুর রহমান-৪৫৬০
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

শর্তাবলী :

১. অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের সুযোগ নেই।
 ২. ছাড়পত্রের মাধ্যমে কোনভাবেই আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
 ৩. প্রতিটি কলেজ কত জন শিক্ষার্থীকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করছে তার রেজিষ্টার তৈরী করবে এবং ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ তার প্রত্যয়নে শিক্ষার্থীর ক্রমিক উল্লেখ করবেন।
 ৪. আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ ০১/০৭/২০১৯ হতে ২৯/০৮/২০১৯খ্রি: তারিখের মধ্যে জমা দিতে হবে।
 ৫. আবেদনপত্রের সঙ্গে ছাড়পত্র গ্রহণের যৌক্তিক কারণ সংক্রান্ত প্রামাণ্য কাগজপত্র (বাসস্থান পরিবর্তন/ নিরাপত্তা জনিত) দাখিল করতে হবে।
 ৬. বোর্ড কর্তৃক ছাড়পত্রের আদেশ জারির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।
 ৭. অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র (এস.এস.সি একাডেমিক ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি) ও সোনালী ব্যাংকের ১১০০/- (এক হাজার একশত) টাকার রশিদসহ (সোনালী সেবার মাধ্যমে) আবেদনটি কলেজ শাখায় (রুম নম্বর-৪০৬) জমা দিতে হবে।
 ৮. শিক্ষার্থী তার ছাড়পত্রের অনুমতির আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে এবং সেটি প্রিন্ট করে নিবে। এই আদেশের প্রেক্ষিতে ভর্তিকৃত কলেজ থেকে ছাড়পত্র নিয়ে শিক্ষার্থী প্রার্থীত কলেজে ভর্তি হবে।
 ৯. নির্ধারিত সময়ের পর ছাড়পত্রের কোন আবেদন গ্রহণ করা হবে না।
- বিষয়গুলো অতীব জরুরী; এর কোন প্রকার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কলেজ সমূহের অধ্যক্ষগণ দায়ী থাকবেন।


মোঃ হাবিবুর রহমান
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

ছাড়পত্রের আবেদন ফরম

বরাবর

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



০১০৭/১৩

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির আবেদন।

মহোদয়

আমি বর্তমানে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত একজন নিয়মিত শিক্ষার্থী। বোর্ডের অনুমতিক্রমে ছাড়পত্র নিয়ে আমি ৬ নং ক্রমিকে বর্ণিত কলেজে পড়াশুনা করতে ইচ্ছুক। অনুগ্রহপূর্বক আমার আবেদন মঞ্জুর করার জন্য অনুরোধ করছি।

তথ্যসমূহ

- এসএসসি পরীক্ষার রোল নম্বর: ----- পাসের বছর:----- বোর্ড : -----
রেজিস্ট্রেশন নম্বর : ----- সেশন : -----
- নিজ নাম (বাংলায়) ----- মোবাইল : -----
নিজ নাম (ইংরেজিতে এস.এস.সি অনুযায়ী) -----
- পিতার নাম (ইংরেজি বড় অক্ষরে) : ----- মোবাইল : -----
- মাতার নাম (ইংরেজি বড় অক্ষরে) : ----- মোবাইল : -----
- বর্তমান কলেজের নাম ----- Code ----- বোর্ড -----
- ভর্তিচ্ছু কলেজের নাম ----- Code ----- বোর্ড -----
- শিক্ষার্থীর পাঠ্য বিষয়সমূহ : আবশ্যিক- ১. বাংলা (১০১, ১০২) ২. ইংরেজি (১০৭, ১০৮) ৩. তথ্য ও প্রযুক্তি ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)
ঐচ্ছিক বিষয় সমূহ (কোড সহ) (১)----- (২)-----
(৩)----- (৪র্থ বিষয়)-----
- ছাড়পত্র গ্রহণের কারণ : ১) নিরাপত্তা জনিত ২) বাসস্থান পরিবর্তন
- শিক্ষার্থীর বর্তমান ঠিকানা : -----
- সোনালী সেবার রশিদ নং : ----- শাখার নাম : ----- তারিখ : -----

শিক্ষার্থীর পূর্ণ নাম ও স্বাক্ষর

বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন

বর্তমানে অত্র কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত একজন নিয়মিত শিক্ষার্থী। ৭ নং ক্রমিকে বর্ণিত বিষয়সমূহসহ এ বোর্ডে তার নাম রেজিস্ট্রেশনের জন্য e-sif পুরণের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোপূর্বে এই কলেজ ব্যতীত অত্র বোর্ডের বা অন্য কোন বোর্ডের অধীনে অন্য কলেজ থেকে তার নাম রেজিস্ট্রেশন করা হয়নি। আবেদনকারী শিক্ষার্থীর পড়াশুনার উপর এ বোর্ডে বা অন্য কোন বোর্ডের কোনরূপ নিষেধাজ্ঞা নেই। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট জমা আছে। উল্লেখিত তথ্য ও বিষয়সমূহ সত্য ও সঠিক। বোর্ড অনুমতি প্রদান করলে ছাড়পত্র ইস্যু করা হবে।

অধ্যক্ষের মোবাইল নং-----

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

তারিখ : -----

ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন

অত্র কলেজের ----- বিভাগে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণিতে বোর্ড কর্তৃক ----- আসন বরাদ্দের বিপরীতে ----- জন অধ্যয়নরত আছে। ক্রমিক-৭ এ বর্ণিত শিক্ষার্থীর পঠিত বিষয়সমূহ অত্র কলেজে অনুমোদন আছে। বিধায়, দ্বাদশ শ্রেণিতে -----তম শিক্ষার্থী হিসাবে ছাড়পত্রের অনুমতির জন্য সুপারিশ করা হ'ল।

অধ্যক্ষের মোবাইল নং-----

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

তারিখ : -----